



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
উন্নয়ন শাখা
প্রশাসন অনুবিভাগ
www.idra.org.bd



স্মারক নং: ৫৩.০৩.০০০০.০১৭.২৩.০২৬.২০২১. ২৩৩

০৩ ফাল্গুন ১৪২৮
তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: জাতীয় বীমা দিবস, ২০২২ এর প্রেস/সচিত্র টিভি কাভারেজ প্রদান।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১ মার্চ ১৯৬০ তারিখে তৎকালীন আলফা ইন্স্যুরেন্স কোম্পানীতে যোগদান করেন। গত ১৫ জানুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় জাতির পিতার স্মৃতি বিজড়িত ১ মার্চ-কে 'জাতীয় বীমা দিবস' হিসেবে অনুমোদন প্রদান করা হয়। বীমা শিল্পের উন্নয়ন ও বীমা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর আলোচনা সভাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে এ দিবসটি পালন করা হয়।

আগামী ১ মার্চ ২০২২, ১৬ ফাল্গুন ১৪২৮, মঙ্গলবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) কোভিড-১৯ এর কারণে যথাযথ স্বাস্থ্য বিধি অনুসরণ করে জাতীয় বীমা দিবস উদযাপিত হতে যাচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা**, **এমপি** উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত থাকতে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মাননীয় অর্থমন্ত্রী **জনাব আ হ ম মুত্তফা কামাল**, **এফসিএ**, **এমপি**। এছাড়া দেশব্যাপী জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় বীমা দিবস উদযাপনের উদ্যোগ নেয়া হয়েছে। এ বছরের প্রতিপাদ্য **"বীমায় সুরক্ষিত থাকলে এগিয়ে যাব সবাই মিলে"**।

এ উপলক্ষে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দপ্তরে সভাকক্ষ-১ এ আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখ বেলা ০৩:০০ টায় সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সংবাদ সম্মেলন ও দেশব্যাপী আয়োজিত জাতীয় বীমা দিবসের সকল অনুষ্ঠানের প্রেস/সচিত্র টিভি কাভারেজ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করছি।


(মইনুল ইসলাম) ২৬.০২.২০২২

সদস্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ও

সদস্য

কেন্দ্রীয় কমিটি, জাতীয় বীমা দিবস, ২০২১

প্রাপক: প্রধান বার্তা সম্পাদক/বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার
সকল প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়া

বিভরণ (কার্যার্থে):

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন (প্রেস কনফারেন্সে একজন উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ);
২. জাতীয় বীমা দিবস উদযাপন সংক্রান্ত কেন্দ্রীয় কমিটির সকল সদস্য;
৩. সকল উপকমিটির আহবায়ক এবং সদস্য-সচিব, জাতীয় বীমা দিবস, ২০২১ আয়োজন সংক্রান্ত;
৪. প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরাম।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
২. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীউনিক।
৩. সদস্য মহোদয়গণের সহকারী, বীউনিক।
৪. অফিস নথি।